যুগান্তর

তারিখ 04 JUN 2015
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবিতে স্মার্ট ক্লাসরুম চালু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটে চালু হয়েছে অডিও ভিডিও এবং অনলাইন সুবিধা স্মার্ট ক্লাসরুম। উচ্চ শিক্ষায় পাঠদান পদ্ধতিকে আরও আধুনিক করার লক্ষ্যে ইন্সটিটিউট ভবনে স্মার্ট ক্লাসরুম চালু করা হয়। মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিক আধুনিক এ ক্লাসরুমের উদ্বোধন করেন। শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটের পরিচালক অধ্যাপক মোহাম্মদ জালাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন— অতিরিক্ত সচিব ড. মো. মাহামুদ-উল-হক, টিকিউআই-২ প্রকল্পের উপ-পরিচালক নিজামুল করিম ও কোর নলেজ লিমিটেডের সিইও মোবাশ্বের মুনাফ মঈন, শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটের অধ্যাপক ড. সেলিনা বানু, সহযোগী অধ্যাপক মো. আবদুস সালাম প্রমুখ।

ভিসি বলেন, একবিংশ শতাব্দির বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকতে শিক্ষার্থীদের আধুনিক প্রযুক্তির সঙ্গে পরিচিত হতে হবে। স্মার্ট নাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলতে মানসিকতার পরিবর্তন করতে হবে। এ সময় তিনি আধুনিক তথ্য-প্রযুক্তির যথাযথ সদ্ব্যবহারের মাধ্যমে সমৃদ্ধ বাংলাদেশ গড়ার কাজে ঝাঁপিয়ে পড়ার জন্য তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানান। প্রসঙ্গত, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটে স্মার্ট ক্লাসরুম চালুর জন্য বেসরকারি সংস্থা কোর নলেজ লিমিটেড কারিগরি সহযোগিতা প্রদান করে। স্মার্ট ক্লাসরুমের আওতায় শিক্ষকরা শ্রেণীকক্ষে আরও আকর্ষণীয়ভাবে লেকচার উপস্থাপন করতে পারবেন। লেকচার প্রদানের সময় তারা অডিও, ভিডিও এবং অনলাইন সুবিধাগুলো ব্যবহার করতে পারবেন।